

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৪.১৯-০৬

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.
০১ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৯২৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯২৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯২৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---------------|---|---|--|
| ১০৯২৪/২০১৯ | জনাব মো: দেলোয়ার হোসেন, অধ্যক্ষ, ভোলদিঘী কামিল মাদ্রাসা, উপজেলা-শহরাস্তি, চাঁদপুর। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বামাশিবো ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | চাঁদপুর জেলার শহরাস্তি উপজেলাধীন “ভোলদিঘী কামিল মাদ্রাসা” এর জেডিসি ও দাখিল পরীক্ষা কেন্দ্র (সেন্টার-০১, কোড নং-৬৭৯) পরিবর্তন করে “শহরাস্তি চিশতিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসায়” জেডিসি ও দাখিল পরীক্ষা গ্রহণ করা যেতে পারে মর্মে বামাশিবো হতে ১৭/০৯/২০১৯ তারিখে বামাশিবো/পরী/কেন্দ্র/১৮৬ সংখ্যক স্মারকে (Annexure-E মূলে) পত্র জারি করা হয়। উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: দেলোয়ার হোসেন কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ১০৯২৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৪/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনারের প্রতিষ্ঠান হতে জেডিসি ও দাখিল পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করে “শহরাস্তি চিশতিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা’য়” জেডিসি ও দাখিল পরীক্ষা গ্রহণের নির্দেশনা দিয়ে বামাশিবো হতে ১৭/০৯/২০১৯ তারিখে বামাশিবো/পরী/কেন্দ্র/১৮৬ সংখ্যক স্মারকে (Annexure-E মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ১১/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে উক্ত স্মারকের কার্যক্রম আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৪ (চার) মাস স্থগিত রাখার নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান হয়।

০৩। উপরিউক্ত অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৯২৪/২০১৯ মামলার ১৪/১০/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৫/০১/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। অফিস কপি/মাস্টার কপি।